



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

www.nhrc.org.bd

স্মারক নম্বর-৫৫.১২.০০০০.১০৬.০৭.০০২.১৮-২১

১৩ জৈষ্ঠ ১৪২৬

তারিখ: -----

২৭ মে ২০১৯

কোটেশন বিজ্ঞপ্তি

মানবাধিকার লঙ্ঘন পর্যবেক্ষণ এবং কমিশনের মিডিয়া কাভারেজ সংরক্ষণ করার জন্য একটি মিডিয়া মনিটরিং প্রতিষ্ঠানকে নিযুক্ত করার জন্য নিম্নের বর্ণনামুযায়ী মোতাবেক প্রকৃত মিডিয়া মনিটরিং কোম্পানী/সফটওয়্যার ডেভেলপমেন্ট কোম্পানী প্রতিষ্ঠানের নিকট হতে সিল মোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে:

নং	বিবরণ	মাসিক হিসাবে মোট দর প্রস্তাব
০১	প্রতিদিনের নিউজ এলাট (নিউজ ইমেজ ও ফুটেজ) সংক্রান্ত কাজ : (ক) জাতীয় মানবাধিকার কমিশন সংক্রান্ত; (খ) প্রিন্ট, অনলাইন ও টিভি মিডিয়া; (গ) প্রতিটি দৈনিক পত্রিকা+টিভি চ্যানেল+ অনলাইন মিডিয়া।	
০২	কমিশন কর্তৃক বাছাইকৃত ১৩টি ক্যাটাগরির মানবাধিকার লঙ্ঘনের খবর ডাটাবেজ আকারে সংরক্ষণ: ১৫টি বাছাইকৃত দৈনিক পত্রিকা থেকে।	
	সর্বমোট:	

২। উপরে বর্ণিত ছক অনুযায়ী আগ্রহী প্রতিষ্ঠানকে নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন দাখিল করতে হবে। কোটেশন দাখিলকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট কাজের জন্য মাসিক হিসাবে ব্যয়ের দরপ্রস্তাব দাখিল করতে হবে। কোটেশনের সাথে ট্রেড লাইসেন্স ও আয়কর সনাক্তকরণ নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি ও আর্থিক স্বচ্ছলতার সনদের হালনাগাদ ও সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে। সংশ্লিষ্ট কাজে পূর্ব অভিজ্ঞতার নমুনা ও কোটেশনের সাথে দাখিল করতে হবে।

০৩। সংশ্লিষ্ট কাজের জন্য আগ্রহী প্রতিষ্ঠানের নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে: (ক) সফটওয়্যার উন্নয়ন বিপণন ও আমদানি রপ্তানিকারক প্রতিষ্ঠান হতে হবে; (খ) প্রতিষ্ঠানের বয়স ন্যূনতম ১২ বছর হতে হবে; (গ) বেসিস -এর (BASIS) সদস্য হতে হবে; (ঘ) কমপক্ষে তিনটি মাল্টি ন্যাশনাল কোম্পানির সাথে মিডিয়া মনিটরিং কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে; (ঙ) বিগত চার বছরে তিনটি ইউএন (UN) প্রতিষ্ঠানের সাথে মিডিয়া মনিটরিং কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে; (চ) মিডিয়া মনিটরিং-এ সরকারি কাজের অভিজ্ঞতা থাকতে হবে; (ছ) নিজস্ব আর্কাইভ ব্যবস্থা থাকতে হবে। অনলাইন পোর্টাল সার্ভিস থাকতে হবে; (জ) নিজস্ব নিউজ সার্চ ইঞ্জিন থাকতে হবে; (ঝ) বিগত ৫ বছরে কমপক্ষে ১০টি জাতীয় পত্রিকার নিজস্ব আর্কাইভ থাকতে হবে; এবং (ঞ) পূর্ববর্তী কাজের ওয়ার্ক অর্ডার সমূহের কপি সংযুক্ত করতে হবে।

৪। কোটেশন আগামী ০৩ জুন ২০১৯ খ্রিঃ তারিখ রোজ সোমবার ১১:০০ ঘটিকা পর্যন্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় মানবাধিকার কমিশন, বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ এর কক্ষে রক্ষিত টেন্ডার বাঞ্ছ ফেলতে হবে এবং ঐদিন বেলা ১১:৩০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাঞ্ছ খোলা হবে। উল্লেখ্য যে, নির্বাচিত প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট কাজের জন্য প্রতি সপ্তাহে একটি পূর্ণ প্রতিবেদন কমিশনে দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কাজের জন্য ০১ (এক) বছরের চুক্তি করা হবে।

৫। কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।



মো: জামাল উদ্দিন

সহকারী পরিচালক (অর্থ)

ফোন: ৫৫০১৩৭১৯

ইমেইল: mjamal.nhrc@yahoo.com

বিতরণঃ

- ১। সহকারী সচিব, সচিবের দপ্তর, বিটিএমসি। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
- ২। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় মানবাধিকার কমিশন।
- ৩। সহকারী পরিচালক (তথ্য প্রযুক্তি), জাতীয় মানবাধিকার কমিশন। (তাকে বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ৪। নোটিশ বোর্ড, জাতীয় মানবাধিকার কমিশন।